ভোরের কাগজ

তারিখ ... AUG 28 1995 ...
পৃষ্ঠা 3 কলাম 2 ......

27

উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র বাতিলের জের

# ভাঙ্গায় টিএনও অফিস ও স্বাস্থ্যকেন্দ্রে হামলা

ফরিদপুর প্রতিনিধি : ভাঙ্গা কে এম ডিগ্রি কলেজের উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র বাতিলের প্রতিবাদে বৃহস্পতিবার সকালে কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা থানা নির্বাহী কর্মকর্তার (টিএনও) অফিস ও ভাঙ্গা স্বাস্থ্য কেন্দ্রে ভাঙচুর করে ও থানা নির্বাহী কর্মকর্তা ইউছুফ আলীকে ঘেরাও করে।

উল্লেখ্য, গত এইচএসসি পরীক্ষার সময় বহিরাগত কিছু ছাত্রের হাতে ভাঙ্গা থানা নির্বাহী কর্মকর্তা ও একজন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হয়। কলেজের কিছু ছাত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বাধা প্রদান করায় কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে ছাত্ররা লাঞ্ছিত করার অভিযোগে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভাঙ্গা কে এম কলেজের এইচএসসি পরীক্ষার কেন্দ্র বাতিল করে। সম্প্রতি কলেজে কেন্দ্র বাতিলের খবর পৌছলে ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দেয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় বিক্ষুব্ধ ছাত্ররা কলেজ থেকে মিছিল নিয়ে থানা নির্বাহী কর্মকর্তার অফিসে গিয়ে তার অফিস ভাঙচুর করে। ঐ সময় টিএনও ভাঙ্গা স্বাস্থ্য কেন্দ্রে একটি মিটিং-এ উপস্থিত ছিলেন। ছাত্ররা মিছিল নিয়ে ভাঙ্গা স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে টিএনওকে ঘেরাও করে। উত্তেজিত ছাত্ররা এ সময় থানা স্বাস্থ্য কেন্দ্রের পরিবার পরিকল্পনা কল্যাণ প্রশিক্ষণ কেন্দ্র ভাঙচুর করে। ভাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও স্থানীয় মুরুব্বিরা টিএনওকে শারীরিক লাঞ্ছনার কবল থেকে রক্ষা করেন। উত্তেজিত ছাত্ররা থানা নির্বাহী কর্মকর্তার গাড়ি ভাঙচুর করে ও টিএনওবিরোধী স্লোগান দেয়। উত্তেজিত ছাত্ররা ভাঙচুর শেষে হাসপাতাল চত্বরে প্রতিবাদ সভা করে। সভায় ছাত্রনেতারা ৭ দিনের মধ্যে কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে ভাঙ্গায় হরতালসহ সড়ক অবরোধের কর্মসূচি গ্রহণ করা হবে বলে ঘোষণা দেয়।